



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ”
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

২৩ সেপ্টেম্বর, ২০২১

বাউবি'র বিএ/বিএসএস পরীক্ষা শুরু আগামীকাল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত ব্যাচেলর অব আর্টস ও ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (বিএ/বিএসএস) ২০১৯ সালের পরীক্ষা ২৪ সেপ্টেম্বর, ২০২১ শুক্রবার থেকে শুরু হচ্ছে।

কোভিড-১৯ অতিমারির কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলো খোলার সাথে সাথেই এ পরীক্ষাটি স্বল্পতম সময়ের মধ্যেই শুরু হতে যাচ্ছে।

দেশের বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী ও বেসরকারী কলেজে মোট ৩২৩ টি পরীক্ষা কেন্দ্রে সিমেন্টার ভিত্তিক এ পরীক্ষায় সর্বমোট ৩ লক্ষ ৮৭ হাজার ৫ শত ৯৫ জন শিক্ষার্থীর মধ্যে ২ লক্ষ ২৫ হাজার ৩ শত ৯০ জন ছাত্র এবং ১ লক্ষ ৬২ হাজার ২ শত ০৫ জন ছাত্রী অংশগ্রহণ করবে।

প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত পরিবেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণের জন্য ব্যবস্থা নিয়েছে। বিশ্ববিদ্যালয় হতে ভিজিল্যান্স টিম প্রেরণ, স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষার্থীদের পরীক্ষায় অংশ নেয়াকে বাধ্যতামূলক করা হয়েছে। এ পরীক্ষা শুক্রবার ও শনিবার দিনগুলিতে সকাল ও বিকেলে অনুষ্ঠিত হবে। ০৮ জানুয়ারি, ২০২২ তারিখ পরীক্ষা শেষ হবে।

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক